

কোভিড-১৯ টীকা নিয়ে  
প্রশ্ন আছে?  
এখানে কিছু উত্তর  
দেওয়া হল।

## কোভিড-১৯ কি?

কোভিড-১৯ একটি করোনাভাইরাস যা ২০১৯ সালের শেষের দিকে প্রথম সনাক্ত করা হয়েছিল। করোনাভাইরাস জাতের ভাইরাসগুলির মধ্যে একটি বড় গোষ্ঠী হালকা থেকে গুরুতর শ্বাসযন্ত্রের সংক্রমণের কারণ হিসাবে পরিচিত। নভেল (নতুন) করোনাভাইরাসের মধ্যে অন্তর্ভুক্ত হোল কোভিড-১৯।

## কোভিড-১৯ কীভাবে ছড়ায়?

কোভিড-১৯ সবচেয়ে বেশি ছড়ায় এই ভাইরাসে আক্রান্ত ব্যক্তির শ্বাস প্রশ্বাসের বাষ্পকণার মাধ্যমে। এটি কাশি, হাঁচি, কথা বলা, শ্বাস নেওয়া এবং গান গাওয়ার মাধ্যমে ছড়াতে পারে। কোভিড-১৯ কোন একটি জায়গায় বা বস্তুর উপরে থাকলে সেগুলোকে স্পর্শ করা থেকে ছড়িয়ে পড়তে পারে যদি স্পর্শ করার পরে আপনি মুখ, নাক বা চোখে সেই অপরিষ্কার হাত দিয়ে স্পর্শ করেন। আপনি এই ভাইরাসের লক্ষণগুলি অনুভব করার আগেই বা লক্ষণগুলি বিকাশ হওয়ার আগেই ভাইরাসটি ছড়িয়ে পড়তে পারে।

## কোভিড-১৯ টীকার জন্য কারা যোগ্য?

পাঁচ বছর বা তার বেশি বয়সী অন্টারিয়োসীরা কোভিড-১৯ টীকার প্রথম ও দ্বিতীয় ডোজ নিতে পারবেন। ১২ বছর বা তার বেশি বয়সীদের জন্য বুস্টার ডোজ-ও পাওয়া যায়।

গুরুতর অসুস্থতা এবং হাসপাতালে ভর্তি ক্রমবর্ধমান ঝুঁকির উপর ভিত্তি করে, ইন্সটিটিউট হ্রাসের কারণে কোভিড-১৯ টীকার বর্ধিত প্রাথমিক সিরিজ এবং বুস্টার ডোজ(গুলি)-এর অংশ হিসাবে কিছু কিছু ব্যক্তির তৃতীয় ডোজ পাওয়ার জন্য যোগ্য এবং তা সুপারিশ করা হয়ে থাকে।

যোগ্যতা সম্পর্কে তথ্যের জন্য, ভিজিট করুন [ontario.ca/covidvaccineinfo](https://ontario.ca/covidvaccineinfo).

## আমাকে কেন কোভিড-১৯ টীকা নিতে হবে?

কোভিড-১৯ এবং এর ভেরিয়েন্টগুলির কারণে গুরুতর অসুস্থতা এবং হাসপাতালে ভর্তি হওয়া থেকে নিজে, আপনার প্রিয়জনদের এবং আপনার সম্প্রদায়কে রক্ষা করার জন্য টীকা নেওয়াই আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ।

কোভিড-১৯-এর টীকা নেওয়ার ফলে করোনাভাইরাসের সংক্রমণ ঘটে না। এটি ভাইরাসের বিরুদ্ধে ইন্সটিটিউট গড়ে তুলতে সহায়তা করে, যাতে আপনার শরীর আরও সহজেই এটির বিরুদ্ধে লড়াই করতে পারে। এটি আপনার কোভিড-১৯ হওয়ার ঝুঁকি হ্রাস করতে পারে বা যদি হয় তাহলে আপনার লক্ষণগুলির তীব্রতা কম করে তুলতে পারে।

যখন জনস্বাস্থ্যের নিরাপত্তার ব্যবস্থাগুলি অপসারণ করা হচ্ছে, তাহলে আমাকে টীকা কেন নিতে হবে?

জনস্বাস্থ্য ও কর্মক্ষেত্রের নিরাপত্তা ব্যবস্থা অপসারণ করা হচ্ছে মানে এমন নয় যে তা ইঙ্গিত করেছে যে কোভিড-১৯ চলে গেছে বা মহামারী শেষ হয়ে গেছে। টীকা নেওয়া কোভিড-১৯ এর বিরুদ্ধে সর্বোত্তম সুরক্ষা হিসাবে অব্যাহত রয়েছে এবং আমরা যে অগ্রগতি অর্জন করেছি তা বজায় রাখতে সহায়তা করে।

কোভিড-১৯ টীকার সমস্ত প্রস্তাবিত ডোজ গ্রহণ করাই হোল সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রথা যার দ্বারা আপনি নিজে, আপনার প্রিয়জনদের এবং আপনার সম্প্রদায়কে কোভিড-১৯ এবং এর নতুন ভেরিয়েন্টগুলি থেকে রক্ষা করতে পারেন।

## কোভিড-১৯-এর বুস্টার ডোজ নেওয়া কি প্রয়োজন?

যদিও কোভিড-১৯ টীকার একটি প্রাথমিক সিরিজ গুরুতর অসুস্থতা এবং হাসপাতালে ভর্তির বিরুদ্ধে অত্যন্ত কার্যকর, তবে এটি গুরুত্বপূর্ণ যে আপনি কোভিড-১৯ টীকার সমস্ত প্রস্তাবিত ডোজ গ্রহণ করে হালনাগাত থাকুন, কারণ প্রাথমিক কোভিড-১৯ টীকার সিরিজের পরে সময়ের সাথে সাথে সুরক্ষা হ্রাস পায়, বিশেষ করে এর নতুন ভেরিয়েন্টগুলির বিরুদ্ধে।

১৮ বছর বা তার বেশি বয়সী ব্যক্তির তাদের দ্বিতীয় ডোজের তিন মাস (৪৫ দিন) পরে প্রথম বুস্টার ডোজ অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করতে পারেন। ১২ থেকে ১৭ বছর বয়সীরা দ্বিতীয় ডোজের ছয় মাস (১৬৮ দিন) পর প্রথম বুস্টার ডোজ নির্ধারণ করতে পারেন। উপরন্তু, কোন কোন ব্যক্তি একটি দ্বিতীয় বুস্টার ডোজের জন্যও যোগ্য। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন [ontario.ca/covidvaccineinfo](https://ontario.ca/covidvaccineinfo).

আমি ইতিমধ্যে কোভিড-১৯-এ রোগাক্রান্ত হয়েছিলাম এবং সুস্থ হয়ে উঠেছি। আমার কি তাও টীকা নিতে হবে?

হ্যাঁ, গুরুতর অসুস্থতা এবং হাসপাতালে ভর্তির বিরুদ্ধে সুরক্ষা বাড়ানোর জন্য আপনার এখনও কোভিড-১৯ টীকার সমস্ত প্রস্তাবিত ডোজ নেওয়া উচিত।

আপনি যদিও কোভিড-১৯ থেকে সুস্থ হয়ে উঠে থাকেন, আপনি রেহাইমুক্ত নন এবং এখনও ভাইরাস দ্বারা অসুস্থ হতে পারেন, কোনও উপসর্গ না দেখিয়েই আপনি সংক্রামক হতে পারেন। নতুন ভেরিয়েন্টের বিস্তারের সাথে সাথে, এটি গুরুত্বপূর্ণ যে আপনি আপনার কোভিড-১৯ টীকাকরণের সাথে হালনাগাত থাকুন।

আপনার যদি সম্প্রতি কোভিড-১৯ হয়ে থাকে, তাহলে কোভিড-১৯ হওয়ার পর ছয় মাস পর্যন্ত আপনার পরবর্তী ডোজ পাওয়ার জন্য অপেক্ষা করাই ভালো। আপনার বয়স, আপনার প্রাপ্ত ডোজের সংখ্যা এবং আপনার স্বাস্থ্যের স্থিতির উপর ভিত্তি করে সর্বোত্তম সময়সীমা সম্পর্কে আরও তথ্যের জন্য একজন স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সাথে কথা বলুন।

## আমি কি পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করব?

যে কোনও টীকা নেওয়ার মতো, কিছু লোক মৃদু পার্শ্ব প্রতিক্রিয়া এবং প্রতিক্রিয়া অনুভব করতে পারে যা হ্রাস পেয়ে যাবে যেকোনো সময় টীকা দেওয়ার কয়েক ঘন্টা পর থেকে কয়েক দিন পর পর্যন্ত। টীকাকরণের পরের এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কোভিড-১৯-এর বিরুদ্ধে প্রতিরোধের ক্ষমতা গড়ে তোলার জন্য শরীরের প্রচেষ্টার একটি প্রমাণ। সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলির মধ্যে রয়েছে বাহুতে টীকার জায়গায় রঙের পরিবর্তন (উদাহরণস্বরূপ, লাল বা বেগুনি হয়ে যাওয়া), সেইসাথে বাহুতে ব্যথা বা ফোলাভাব, ক্লান্তি, মাথা ব্যথা, পেশী এবং গাঁটে ব্যথা, ঠান্ডা অনুভব হওয়া বা হালকা জ্বর হওয়া।

যদি কোন পার্শ্ব প্রতিক্রিয়া আপনাকে উদ্ভিন্ন করে তোলে বা কয়েক দিন পরে চলে যাচ্ছে না বলে মনে হয়, তবে দয়া করে আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।

### কোভিড-১৯-এর টীকাগুলি নেওয়া কি নিরাপদ?

হ্যাঁ! হেলথ কানাডা হোল বিশ্বের সবচেয়ে কঠোর বৈজ্ঞানিক পর্যালোচনা সিস্টেমগুলির মধ্যে অন্যতম এবং হেলথ কানাডা কেবলমাত্র সেই টীকাই অনুমোদন করে যদি সেটি নিরাপদ হয়, সেটি কার্যকরী হয়, সেটি উৎপাদনের মান এবং দক্ষতা পূরণ করে।

যে শুধুমাত্র সেই টীকাগুলিই অন্টারিওতে প্রয়োগ করা হবে সেগুলি হেলথ কানাডা অনুমোদন করেছে।

টীকাগুলির সম্পর্কে আরও জানুন [হেলথ কানাডা-র ওয়েবসাইট](#) থেকে।

### একটি দ্রুত তৈরি করা টীকা নিয়ে আমার কি চিন্তিত হওয়া উচিত?

না। যে টীকাগুলি হেলথ কানাডা অনুমোদন করেছে এবং নির্ধারণ করেছে সেগুলি নিরাপদ এবং কার্যকর ও শুধুমাত্র সেগুলিই অন্টারিওতে প্রয়োগ করা হবে।

এই টীকাগুলি অন্যান্য টীকাগুলির চেয়ে দ্রুত তৈরি করা হয়েছিল কারণ বিশ্বজুড়ে এই প্রচেষ্টায় বিনিয়োগ করা সহযোগিতা এবং তহবিলের অধিক মাত্রা এর আগে এরকম কখনও দেখা যায়নি।

গবেষকরা ১০ বছরেরও বেশি সময় ধরে [এমআরএনএ টীকা](#) নিয়ে গবেষণা ও কাজ করছেন, এই কারণেই এমআরএনএ প্রযুক্তিটি কোভিড-১৯ টীকা তৈরিতে দ্রুত ব্যবহার করা সম্ভব হয়েছে।

যদিও কোভিড-১৯-এর টীকাগুলি দ্রুত তৈরি করা হয়েছে কিন্তু সেগুলো নিরাপদ ও কার্যকর কিনা তা নিশ্চিত করার জন্য সব ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।

### টীকা অনুমোদনের প্রক্রিয়াটি কী ছিল?

T কোভিড-১৯-এর টীকা তৈরির জন্য প্রচুর পরিমানে সারা বিশ্বের ধন-সম্পদ ব্যবহার করা হয়েছিল, যা টীকা অনুমোদন প্রক্রিয়াকে দক্ষতার সাথে এবং কার্যকরভাবে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করেছিল। এর মধ্যে বিদ্যমান গবেষণা কর্মসূচির অভিযোজন, বিজ্ঞানী ও সরকারের মধ্যে আন্তর্জাতিক সহযোগিতা, উত্সর্গীকৃত তহবিল বৃদ্ধি, ক্লিনিকাল ট্রায়াল অংশগ্রহণকারীদের দ্রুত নিয়োগ এবং টীকার কার্যকারিতা প্রদর্শনের জন্য ক্লিনিকাল ট্রায়ালের দ্রুত সেট-আপ অন্তর্ভুক্ত রয়েছে। কানাডার সেরা স্বাধীন বিজ্ঞানীরা কানাডিয়ানদের জন্য নিরাপদ এবং কার্যকর হিসাবে টীকা অনুমোদনের আগে সমস্ত তথ্য পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করেছেন। এইসব টীকাগুলি অনুমোদনের ক্ষেত্রে সব ধরনের নিরাপত্তামূলক পদক্ষেপ অনুসরণ করা হয়েছে।

পর্যালোচনা এবং অনুমোদন প্রক্রিয়া সম্পর্কে আরও জানুন [হেলথ কানাডার ওয়েবসাইট](#) থেকে।

### এই টীকার দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলি কী কী?

টীকাগুলির দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলির উপর চলমান গবেষণাগুলি আজ অবধি কোনও গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া পায়নি। গবেষণার মাধ্যমে যারা টীকা গ্রহণ করেছেন তাদের দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়ার উপর পর্যবেক্ষণ জারি রয়েছে।

টীকা (এ ই এফ আই-AEFIs) নেওয়ার পরে প্রতিকূল ঘটনাসম্পর্কে আরও তথ্যের জন্য বা একটি এ ই এফ আই রিপোর্ট করার জন্য, [ভিজিট করুন পাবলিক হেলথ অন্টারিওর ভ্যাকসিন সুরক্ষার ওয়েবপেজ](#)।

### দ্বিতীয় ডোজ বা বুস্টার ডোজ থেকে পার্শ্ব প্রতিক্রিয়া কি প্রথমটির চেয়ে আরও তীব্র?

কেউ কেউ টীকার দ্বিতীয় ডোজের পরে আরও শক্তিশালী পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করতে পারে। যেহেতু পার্শ্ব প্রতিক্রিয়াগুলি আপনার ইমিউন সিস্টেম সুরক্ষা তৈরির ফলাফল, একবার আপনার ইমিউন সিস্টেমটি প্রথম ডোজের ডোজের পরে সক্রিয় হয়ে উঠলে, দ্বিতীয় ডোজের পরে অনেক শক্তিশালী ইমিউন প্রতিক্রিয়া হয়ে থাকে। এটি হওয়া ভাল এবং ইঙ্গিত দেয় যে টীকাটি তার কাজ সঠিকভাবে করছে।

বুস্টার ডোজ পাওয়ার পরে পার্শ্ব প্রতিক্রিয়াগুলি প্রথম এবং দ্বিতীয় ডোজের পরের মতোই। সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলি টীকা নেওয়ার পরে কয়েক ঘন্টা বা কয়েক দিন পর্যন্ত থাকতে পারে এবং এর মধ্যে রয়েছে বাহুতে টীকার জায়গায় রঙের পরিবর্তন (উদাহরণস্বরূপ, লাল বা বেগুনি হয়ে যাওয়া), সেইসাথে বাহুতে ব্যথা বা ফোলাভাব, ক্লান্তি, মাথা ব্যাথা, পেশী এবং গাঁটে ব্যথা, ঠান্ডা অনুভব হওয়া বা হালকা জ্বর হওয়া।

### টীকাটি কি আমাকে কোভিড-১৯ -এ আক্রান্ত করবে?

না, আপনি টীকা থেকে কোভিড-১৯ বা অন্য কোনও সংক্রামক রোগে আক্রান্ত হতে পারেন না। হেলথ কানাডা অনুমোদিত টীকাগুলির কোনওটিই জীবিত-ভাইরাসের ভ্যাকসিন নয়, যার অর্থ হল যে এগুলিতে কোভিড-১৯ সৃষ্টিকারী ভাইরাসটি নেই।

### টীকা পাওয়ার পরেও কি আমি কোভিড-১৯-এ আক্রান্ত হতে পারি?

অন্যান্য টীকাকরণের মতোই, আপনি সংক্রমণের ঝুঁকি পুরোপুরি দূর করতে পারবেন না, বিশেষ করে এই ভাইরাসের কমিউনিটিতে বর্তমানে চলমান সংক্রমণের জন্য।

টীকা নিলে আপনার গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং মৃত্যুর ঝুঁকি যথেষ্ট পরিমাণে হ্রাস হবে, এবং এটাই হোল কোভিড-১৯ রোগের কারণে নিজেকে এবং আপনার চারপাশের লোকদের গুরুতর অসুস্থতা থেকে রক্ষা করার সর্বোত্তম উপায়।

### কোভিড-১৯ টীকা কি আমার প্রজননের উর্বরতাকে প্রভাবিত করবে? আমি যদি এখন গর্ভবতী হয়ে থাকি, তাহলে?

কোভিড-১৯ টীকা পুরুষের বা মহিলার বন্ধ্যাত্ব সৃষ্টি করে বলে বর্তমানে এমন কোনও প্রমাণ নেই।

আসলে, গর্ভধারণের আগে বা আপনি গর্ভবতী হওয়ার সময় কোভিড-১৯ টীকার সমস্ত প্রস্তাবিত ডোজ গ্রহণ করলে তা আপনাকে এবং আপনার ভবিষ্যত শিশুকে গর্ভাবস্থায় কোভিড-১৯ এর ঝুঁকি থেকে রক্ষা করবে।

যারা গর্ভবতী, বুকের দুধ খাওয়াচ্ছেন বা গর্ভধারণের চেষ্টা করছেন তাদের জন্য কি কোভিড-১৯ ভ্যাকসিন নিরাপদ?

হ্যাঁ। আপনি গর্ভবতী হওয়ার আগে বা গর্ভাবস্থায় যে কোনও ত্রৈমাসিক সময়কালীন নিরাপদে কোভিড-১৯ টীকা নিতে পারেন। আপনি যখন গর্ভবতী, বুকের দুধ খাওয়াচ্ছেন বা গর্ভধারণের চেষ্টা করছেন সেই সময়কালীন কোভিড-১৯ টীকা গ্রহণ করা নিরাপদ, কার্যকর এবং প্রভেনশিয়াল কাউন্সিল ফর মাদার অ্যান্ড চাইল্ড হেলথ (পিসিএমসিএইচ), অন্টারিও সোসাইটি অফ অবস্টেট্রিশিয়ানস অ্যান্ড গাইনোকোলজিস্টস (ওএসওজি), সোসাইটি অফ অবস্টেট্রিশিয়ানস, গাইনোকোলজিস্টস অফ কানাডা (এসওজিসি), ন্যাশনাল অ্যাডভাইজরি কমিটি অন ইমিউনাইজেশন (এনএসআই) এবং অন্যান্য অনেক জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এটা নেওয়ার জন্য অবশ্যই সুপারিশ করে।

গর্ভাবস্থায় সম্ভাব্য জটিলতাগুলি রোধ করার জন্য টীকা নেওয়ার সুবিধাগুলি ঝুঁকিগুলি অতিক্রম করে। আপনি যদি গর্ভবতী অবস্থায় কোভিড-১৯-এ আক্রান্ত হন, তাহলে যারা গর্ভবতী নন তেমন কোভিড-১৯ পজিটিভ ব্যক্তিদের তুলনায় আপনার হাসপাতালে ভর্তি হওয়ার, ইনটেনসিভ কেয়ার ইউনিটে ভর্তি হওয়ার এবং লাইফ সাপোর্ট নেওয়ার ঝুঁকি বেশি থাকে।

টীকাটি কেবল আপনাকে কোভিড-১৯ সংক্রমণ থেকেই রক্ষা করবে না, বরং এটি গর্ভাবস্থায় কোভিড-১৯ সংক্রমণ সম্পর্কিত গুরুতর অসুস্থতা এবং জটিলতার ঝুঁকিও হ্রাস করবে। গবেষণায় দেখা গেছে, টীকা নেওয়ার পর আপনার শরীরে যে অ্যান্টিবডি তৈরি হয় তা আপনার শিশুর মধ্যে প্লাসেন্টা এবং/অথবা আপনার বুকের দুধের মাধ্যমে চলে যাবে, যা কেবল আপনার নিজেই নয়, আপনার শিশুকেও জন্মের পর কোভিড-১৯ এর বিরুদ্ধে আরও বেশি সুরক্ষা প্রদান করতে পারে।

আরও তথ্যের জন্য, ভিজিট করুন [ontario.ca/covidvaccinepregnancy](https://ontario.ca/covidvaccinepregnancy).

আমার সন্তানকে কেন টীকা দেওয়া হবে? শিশুদের জন্য কোভিড-১৯ কি হালকা রোগ নয়?

যদিও যখন শিশুরা কোভিড-১৯ দ্বারা আক্রান্ত হয় তারা সাধারণত হালকা উপসর্গ অনুভব করে, কেউ কেউ বা খুব অসুস্থ হতে পারে, হাসপাতালে ভর্তি হতে পারে এবং আরও গুরুতর এবং দীর্ঘস্থায়ী উপসর্গ অনুভব করতে পারে বা মৃত্যুও হতে পারে। অন্যরা গুরুতর এবং দীর্ঘস্থায়ী লক্ষণগুলি অনুভব করতে পারে (যেমন, লং কোভিড-১৯, পোস্ট-অ্যাকিউট কোভিড-১৯ সিন্ড্রোম)। এটি বিশেষত সেইসব শিশুদের ক্ষেত্রে হয় যারা ইমিউনোকমপ্রোমাইজড বা যাদের অভ্যন্তরীণ শারীরিক অসুস্থতা আছে।

তরুণ-তরুণীদের এবং শিশুদের টীকা দেওয়া ফলে তারা গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং ভাইরাস থেকে মৃত্যুর বিরুদ্ধে একটি শক্তিশালী স্তরের সুরক্ষা পাবে। টীকা নেওয়া পরিবারের অন্যান্য সদস্যদেরও রক্ষা করতে সহায়তা করে, যেমন যারা এখনও টীকা নিতে পারেন না, বা যারা দুর্বল বয়স্ক ব্যক্তি।

হেলথ কানাডা পাঁচ বছর বা তার বেশি বয়সী শিশুদের জন্য ফাইজারের টীকা এবং ছয় বছর বা তার বেশি বয়সী শিশুদের জন্য মডার্নার টীকা অনুমোদন করেছে।

পাঁচ বছর বা তার বেশি বয়সী শিশুদের ফাইজারের কোভিড-১৯ টীকা নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। ছয় বছর বা তার বেশি বয়সী শিশুরা মডার্নার কোভিড-১৯ টীকা গ্রহণ করতে পারে, জ্ঞাত সম্মতি সহ, যার মধ্যে মায়োকর্ডাইটিস/পেরিকর্ডাইটিসের সম্ভাব্য উচ্চতর ঝুঁকি সম্পর্কে সচেতনতা অবশ্যই অন্তর্ভুক্ত করা থাকবে।

কানাডায় ও আমেরিকায় লক্ষ লক্ষ শিশু কোভিড-১৯-এর টীকা গ্রহণ করেছে এবং সামগ্রিকভাবে, নিরাপত্তা সংক্রান্ত কোনও সংকেত দেখা যায়নি।

অন্যান্য রোগের জন্য টীকা নেওয়ার মতোই, আপনার শিশু যখন [হালনাগাত থাকে](#)

তখনই তারা সর্বোত্তমভাবে সুরক্ষিত থাকে। আরও তথ্যের জন্য, ভিজিট করুন [ontario.ca/covidvaccinekids](https://ontario.ca/covidvaccinekids).

টীকার মধ্যে কি মাইক্রোচিপ আছে?

না।

কোভিড-১৯ টীকা কীভাবে ফ্লু-এর টীকা থেকে আলাদা?

কোভিড-১৯ টীকা এবং ফ্লু টীকা দুটোই খুব আলাদা এবং সরাসরি তুলনা করা যায় না। তারা ভিন্ন ভাইরাসকে তাক করে; ফ্লু-এর টীকা ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের বেশ কয়েকটি স্ট্রেনগুলিকে একসাথে তাক করে, কিন্তু কোভিড-১৯ টীকা কেবল একটি মাত্র ভাইরাসকেই লক্ষ্যকেন্দ্র করে, সারস-কোভ-২।

ফ্লু এবং কোভিড-১৯ উভয় টীকাই গ্রহণ করা গুরুত্বপূর্ণ কারণ তারা ভিন্ন ভাইরাসের বিরুদ্ধে রক্ষা করে। আপনার কোভিড-১৯ টীকা নেওয়ার সময় ফ্লু-র টীকা বা অন্য কোনও টীকা নেওয়া নিরাপদ। আপনার কোভিড-১৯ টীকার আগে বা পরে ১৪ দিনের অপেক্ষার প্রয়োজন নেই।

যদি আমার অন্টারিও হেলথ ইন্স্যুরেন্স প্ল্যানের (ওএইচআইপি) কার্ড না থাকে তবে আমি কি টীকা পাওয়ার জন্য যোগ্য হবে?

যারা অন্টারিওতে বাস করেন, পড়াশোনা করেন বা কাজ করেন বা অন্টারিও পরিদর্শন করতে আসেন তারা সবাই, নাগরিকত্ব বা অভিবাসনের স্থিতি নির্বিশেষে, বিনা খরচে টীকা গ্রহণের যোগ্য।

টীকা পাওয়ার জন্য আপনার অন্টারিওর হেলথ কার্ডের প্রয়োজন নেই। আপনার নাম এবং জন্ম তারিখ সমর্থন করার জন্য আপনি যেকোনো পরিচিতি পত্র বা ফটো আইডেন্টিফিকেশন ডকুমেন্ট (আইডি) ব্যবহার করতে পারেন, বা নানান আইডির সংমিশ্রণ, যেমন ড্রাইভারের লাইসেন্স, পাসপোর্ট, নিবন্ধিত মেইলের একটি অংশ, মাইনের কাগজ, ছাত্রদের কার্ড, অন্যান্য বিচারবিভাগ থেকে সরকার জারি করা সনাক্তকরণের কাগজপত্র। এর মধ্যে বিদেশী এবং মেয়াদোত্তীর্ণ সরকারী নথি-ও অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনার যদি কোনও হেলথ কার্ড না থাকে এবং আপনার জনস্বাস্থ্য ইউনিট হোল প্রভেনশিয়াল ভ্যাকসিন কন্টাক্ট সেন্টারের(পিভিসিসি), তবে

আপনি আপনার অ্যাপয়েন্টমেন্ট বুক করতে 1-833-943-3900 -এ পিভিসিসিকে কল করতে পারেন। টীকার অ্যাপয়েন্টমেন্টের সময় আপনাকে সনাক্তকরণের জন্য কোন একটি ফটো দ্বারা পরিচিতি পত্র প্রদান করতে বলা হবে।

একটি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিট এবং যোগাযোগের নম্বর খুঁজতে, ভিজিট করুন [ontario.ca/publichealth](http://ontario.ca/publichealth).

রক্তদান করলে কি কোভিড-১৯ টীকার কার্যকারিতা কমে যাবে?

না, গবেষণায় কোনও পরামর্শ বা প্রমাণ উপলব্ধ হয় নি যে রক্ত দান করলে কোভিড-১৯ টীকার কার্যকারিতা হ্রাস হয়ে যাবে।

রক্তদান শরীর থেকে ভ্যাকসিন অপসারণ করে না এবং গুরুত্বপূর্ণ ইমিউন ফাইটিং কোষ এবং অ্যান্টিবডি শরীর থেকে হ্রাস করবে না যেগুলো ভ্যাকসিনের প্রতিক্রিয়ায় তৈরি হয়। আরও তথ্যের জন্য, দয়া করে কানাডিয়ান ব্লাড সার্ভিসেস [কানাডিয়ান ব্লাড সার্ভিসেস](http://www.blood.ca)-এ দেখুন।

আমি যদি আমার নিয়মিত টিকাকরণের সময়সূচীতে পিছিয়ে থাকি তবে কী হবে? তাহলেও কি আমি কোভিড-১৯-এর টীকা পেতে পারি?

হ্যাঁ। যারা তাদের টিকাকরণের সময়সূচীতে পিছিয়ে পড়েছেন আমরা তাদেরও হালনাগাত হওয়ার জন্য তাদের স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করি।

প্রতিবন্ধী ব্যক্তি বা যাদের অ্যাক্সেসের প্রয়োজন তারা কোন কোন সংস্থানগুলি থেকে সহায়তা উপলব্ধ করবে?

অ্যাক্সেসযোগ্য গ্রাহক পরিষেবা সরবরাহ করতে এবং একটি অ্যাক্সেসযোগ্য পদ্ধতিতে প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে টীকাদানের সাইটগুলি যোগাযোগ করবে। উপরন্তু, নিম্নলিখিত সংস্থানগুলি সহজলভ্য:

- [ConnectABILITY.ca](http://ConnectABILITY.ca) -এ যান কোভিড-১৯-এর টীকা, কেয়ারগিভারদের জন্য সংস্থান ও সহায়তা, বিশ্বস্ত উৎসের থেকে ভিডিও এবং আরও অনেক কিছু সম্পর্কে তথ্যের জন্য।
- [হেলথ কেয়ার অ্যাক্সেস রিসার্চ এবং ডিভেলপমেন্টাল ডিসএবিলিটিস ওয়েবসাইট \(www.hcarrddcovid.com/info\)](http://www.hcarrddcovid.com/info) এবং [vaccinesupport.ca](http://vaccinesupport.ca) -এ যান আপনার প্রতিবন্ধী বা বুদ্ধিবৃত্তিক অক্ষম শিশু/নির্ভরশীল ব্যক্তিকে টীকা দেবার সম্পর্কে তথ্যের জন্য (টীকাদানের সাইটে বাসস্থানের ব্যবস্থা, হোম ভিজিট বিকল্প, সূঁচে ভয়, ইত্যাদি)।

- অন্টারিও কমিউনিটি সাপোর্ট এসোসিয়েশন ([www.ontariocommunitysupport.ca](http://www.ontariocommunitysupport.ca))-এ যান অ্যাক্সেসযোগ্য ড্রাইভ-টু-ভ্যাকসিনস প্রোগ্রাম সম্পর্কে তথ্যের জন্য যা প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে টীকাদান সাইটগুলিতে ডোর-টু-ডোর রাইড দিয়ে নিয়ে আসে, যার মধ্যে অন্তর্ভুক্ত এমন সিনিয়ররা যাদের হাঁটাচলার সমস্যা রয়েছে, যারা নিরাপদ পরিবহন পাওয়ার চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয়।

কোথায় আমি আরো তথ্য পেতে পারি?

অন্টারিওতে কোভিড-১৯ টীকা সম্পর্কে আরও জানতে [Ontario.ca/covidvaccine](http://Ontario.ca/covidvaccine) -তে যান, যার মধ্যে রয়েছে টীকার তথ্য এবং টীকা পাওয়ার যোগ্যতা, কীভাবে অ্যাপয়েন্টমেন্ট বুক করতে হয়, কী কী আশা করা যেতে পারে এবং আরও অনেক কিছু। একজন অভিজ্ঞ এজেন্ট বা স্বাস্থ্য বিশেষজ্ঞের সাথে কথা বলার জন্য আপনি প্রভেনশিয়াল ভ্যাকসিন কন্টাক্ট সেন্টারের সাথেও যোগাযোগ করতে পারেন এই নম্বরে 1-833-943-3900 (বেধির, শ্রবণ-প্রতিবন্ধী বা বাক-প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এই নম্বরে: 1-866-797-0007), ৩০০-র বেশি ভাষায় উপলব্ধ, সপ্তাহে সাত দিন খোলা সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত।

শিশু, যুবক এবং যারা গর্ভবতী, বুকের দুধ খাওয়াচ্ছেন বা গর্ভধারণের পরিকল্পনা করছেন তাদের জন্য কোভিড-১৯ টীকা সম্পর্কে প্রশ্নের জন্য, সিককিডস পেডিয়াট্রিক নিবন্ধিত নার্সের সাথে ফোনে একটি গোপনীয় অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য সিককিডস কোভিড-১৯ ভ্যাকসিন কনসাল্ট সার্ভিসের সাথে যোগাযোগ করুন [sickkids.ca/vaccineconsult](http://sickkids.ca/vaccineconsult) বা কল করুন 1-888-304-6558। এই পরিষেবাটি ফোনের মাধ্যমে দোভাষী ব্যবহার করে একাধিক ভাষায় উপলব্ধ।

অথবা, স্কারবোরো হেলথ নেটওয়ার্ক (এসএইচএন) ভ্যাক্সফ্যাক্টস ক্লিনিকে একজন যোগ্য এসএইচএন ডাক্তারের সাথে সরাসরি ফোন পরামর্শের জন্য কল করুন যাতে আপনি কোভিড-১৯ টীকা সম্পর্কে একটি জ্ঞাত সিদ্ধান্ত নিতে প্রয়োজনীয় তথ্য পেতে পারেন। [shn.ca/vaxfacts](http://shn.ca/vaxfacts) মাধ্যমে একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন বা 416-438-2911 এ কল করুন, এই এক্সটেনশানে 5738। অ্যাপয়েন্টমেন্টগুলি সপ্তাহে সাত দিন পাওয়া যায়, সকাল ৯টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং ২০০রও বেশি ভাষায় উপলব্ধ।